
দৈনিক বাংলা

তারিখ 31 JUL 1986

পৃষ্ঠা ... কলাম ...

C51



এসএসসি পরীক্ষার ফল জানার জন্য বুধবার সারা দিন ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড অফিসের সামনে ভিড় লেগে থাকে —দৈনিক বাংলা

# আজ এসএসসি পরীক্ষার ফল প্রকাশ

(স্টাফ রিপোর্টার)

চারটি শিক্ষাবোর্ডের এসএসসি পরীক্ষার ফল আজ একই সঙ্গে প্রকাশিত হচ্ছে। ফল প্রকাশের সকল আয়োজন ইতিমধ্যেই চূড়ান্ত হয়েছে।

এ বছর চারটি বোর্ড থেকে মোট ৩ লাখ ৭০ হাজার পরীক্ষার্থী এসএসসি পরীক্ষায় অংশ নেয়। এরমধ্যে এক লাখ ৪৮ হাজার মহিলা পরীক্ষার্থী। দেশের মোট ৫৭২টি কেন্দ্রে গত মার্চ মাসে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়।

মাধ্যমিক স্কুল শিক্ষকদের ধর্মঘট ও জাতীয় সংসদ নির্বাচনের কারণেই এ বছর এসএসসির

(৫-এর পৃঃ দ্রঃ)

## পরীক্ষার ফল প্রকাশ

(১-এর পৃঃ পর)

ফল প্রকাশে বিলম্ব হয় বলে জানা গেছে।

এদিকে গত কয়েকদিন ধরে ঢাকা শিক্ষাবোর্ড প্রাঙ্গণে উদ্বিগ্ন এসএসসি পরীক্ষার্থীরা ফল জানার জন্য ভিড় করছে।